



রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শঠিবাড়ী, রংপুর

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫
ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com
ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫৬২.০১.০২৪.১৯. ৫৫০

তারিখ : ০২ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : ইউনিফরম সরবরাহের জন্য কোটেশন (RFQ) আহবান।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর কর্তৃক নিম্নোক্ত বর্ণনা অনুযায়ী কর্মচারীদের ইউনিফরম সরবরাহের জন্য প্রকৃত সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তস্বাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত কোটেশন (RFQ) আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	একক দর	মোট দর
০১	জিল্প প্যাট : ১০০% কটন ডেনিম(১২ আউন্স) ইনডিগো ব্লু, বাংলাদেশের তৈরী (নমুনা কাপড় দ্বারা)। কর্মচারীদের মাপ অনুযায়ী তৈরী হবে। (নমুনা মোতাবেক)	১৭১ টি		
০২	ফুল হাতা শার্ট : ১০০% প্রেসিডেন্ট টরে (৯৮ জিএসএম) আকাশী ব্লু, থাইল্যান্ডের তৈরী (নমুনা কাপড় দ্বারা)। কর্মচারীদের মাপ অনুযায়ী তৈরী হবে। (নমুনা মোতাবেক)	১৪০ টি		
০৩	ফুল হাতা শার্ট : ১০০% প্রেসিডেন্ট টরে (৯৮ জিএসএম) ডীপ ব্লু, থাইল্যান্ডের তৈরী (নমুনা কাপড় দ্বারা)। কর্মচারীদের মাপ অনুযায়ী তৈরী হবে। (নমুনা মোতাবেক)	৩১ টি		
			মোট	

শর্তাবলী :

- আহ্বানী দরদাতাগণ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখ পূর্বক খামের মুখ সীলগালা করিয়া আগামী ২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় (১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাঞ্জে সরাসরি অথবা ডাক/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে সীল কোটেশন দাখিল করিতে পারিবেন। প্রাপ্ত দরপত্র সমূহ এদিন (২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ) বেলা ১২:৩০ ঘটিকা সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- দরপত্রের খামের উপর “ইউনিফরম সরবরাহের দরপত্র” কথাটি লিখিতে হইবে।
- সমিতি কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গ্রহণযোগ্য হইলে কার্যাদেশ প্রদানের নির্দিষ্ট তারিখের মধ্যে মালামাল নিজস্ব খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌছাতে হইবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য উদ্ধৃত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে অর্থ বিল হইতে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না।
- সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে সরকারী বিধি মোতাবেক বিল হইতে আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক বিল পরিশোধ করা হইবে।
- দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষাঘষি এবং ফুইড ব্যবহার করা যাইবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।
- দরপত্র দাখিলের সময় অত্র সমিতির এজিএম (প্রশাসন) হতে নমুনা সংগ্রহ করে নমুনায় এজিএম (প্রশাসন) ও দরপত্র প্রদানকারী প্রতিষ্ঠানের স্বাক্ষর ও সীল থাকতে হইবে। যৌথ স্বাক্ষরের নমুনা পাওয়া না গেলে দরপত্র বাতিল বলে গন্য হইবে।
- প্রাক্কলিত দরের চেয়ে দাখিলকৃত দর ১০% এর অধিক/ কম হইলে দরপত্র বাতিল বলে গন্য হইবে।
- দরপত্র সম্পর্কে কাহারো কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করিতে পারিবেন।
- তালিকায় উল্লিখিত ইউনিফরম এর পরিমাণ সর্বোচ্চ ২০% কম/বেশী করিবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(মোঃ নূরুল রহমান)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি : নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ।

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা- বাপবিবোর্ডের ওয়েব সাইটে RFQ টি প্রচারের জন্য অনুরোধ করা হল।
- জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।
- পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর/পীরগঞ্জ/পীরগাছা/সাদুল্লাপুর/সুন্দরগঞ্জ, রংপুর/গাইবান্ধা।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, রংপুর।
- নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, রংপুর।
- ডিজিএম, কারিগরী/ পীরগাছা/সুন্দরগঞ্জ/পীরগঞ্জ জোনাল অফিস, রংপুর পবিস-১।
- এজিএম(ওএন্ডএম), সাদুল্লাপুর/ভেড়াবাড়ী সাব জোনাল অফিস, রংপুর পবিস-১।
- এজিএম(অর্থ), রংপুর পবিস-১।
- জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), রংপুর পবিস-১ : সমিতির ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল।
- মেসার্স.....
- নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।

(মোঃ নূরুল রহমান)

সিনিয়র জেনারেল ম্যানেজার